অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/30/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল হোম এনার্জি দক্ষতা এবং বৈদ্যুতিকরণ উন্নয়নের জন্য নিম্ন আয়ের নিউ ইয়র্কবাসীর জন্য এখন 39.6 মিলিয়ন মার্কিন ডলার উপলভ্য থাকার ঘোষণা করলেন

প্রথম স্টেট হিসেবে নিউ ইয়র্ক মার্কিন যুক্তরাষ্ট্রের শক্তি বিভাগের হোম এনার্জি রিবেট তহবিল প্রদান করছে; স্টেটের এম্পাওয়ার+ কর্মসূচির মধ্যমে তহবিল এখন উপলভ্য রয়েছে

2050 সালের মধ্যে 85 শতাংশ গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাস করার জলবায়ু আইনের লক্ষ্যকে অগ্রসর করে

গভর্নর ক্যাথি হোকল আজকে নিউ ইয়র্কের ভোক্তাদেরকে মুদ্রাস্ফীতি হ্রাস আইনের (Inflation Reduction Act, IRA) বাসা বৈদ্যুতিকরণ এবং অ্যাপ্লায়েন্স রিবেট (Home Electrification and Appliance Rebates, HEAR) কর্মসূচির তহবিলের প্রথম পর্যায় প্রদানকারী দেশের প্রথম স্টেট হওয়াকে উদযাপন করতে কুইন্সে অ্যান্ড্রোমিডা কমিউনিটি উদ্যোগে (Andromeda Community Initiative) মার্কিন যুক্তরাষ্ট্রের শক্তি বিভাগের (U.S. Department of Energy, DOE) সচিব গ্র্যানহোম এবং হোয়াইট হাউজের সিনিয়র উপদেষ্টা জন পোডেস্টার সাথে যোগদান করেন। প্রাথমিক 39.6 মিলিয়ন মার্কিন ডলারের ফর্মুলা অনুদানটি আরো নিম্ন আয়ের পরিবারকে তাদের বাসার শক্তি দক্ষতা উন্নত করতে এবং বৈদ্যুতিকরণের উন্নয়ন করতে দিয়ে নিউ ইয়র্কের এম্পাওয়ার+ (EmPower+) কর্মসূচির আওতা সম্প্রসারিত করবে, এর ফলে তাদের শক্তির ব্যয় হ্রাস পাবে এবং তাদের বাড়িতে জীবাশ্ম জ্বালানি পোড়ানো থেকে সরে আসতে দিবে। আজকের ঘোষণাটি 2050 সালের মধ্যে 85 শতাংশ গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাস করার জন্য স্টেটের দেশসেরা জলবায়ু নেতৃত্ব এবং সম্প্রদায় সুরক্ষা আইনের (Climate Leadership and Community Protection Act) লক্ষ্যকে, এবং পরিচ্ছন্ন শক্তি বিনিয়োগের 40 শতাংশ লক্ষ্য নিয়ে কমপক্ষে 35 শতাংশ সুবিধাবঞ্চিত সম্প্রদায়ের কল্যাণে প্রদান করার আবশ্যিকতাকে সমর্থন করবে।

"এইসব মুদ্রাস্ফীতি হ্রাস আইন রিবেট প্রদান করা দেশের প্রথম স্টেট হিসেবে আমরা বাসার উন্নয়নের সুযোগ সম্প্রসারণ করছি যার ফলে শক্তি বিলের ক্ষেত্রে নিউ ইয়র্কবাসীদের অর্থ সাশ্রয়ী হবে এবং জীবাশ্ম জ্বালানির উপর আমাদের নির্ভরশীলতা হ্রাস পাবে," **গভর্নর হোকল বলেন।** "নিউ ইয়র্ক স্টেট, বাইডেন প্রশাসন, মার্কিন যুক্তরাষ্ট্রের শক্তি বিভাগের মধ্যকার

আমাদের বলিষ্ঠ অংশীদারিত্বের কারণে আমরা পরিচ্ছন্ন শক্তিতে স্থানান্তর সকল নিউ ইয়র্কবাসীর ক্রয়ক্ষমতার মধ্যে আনার ব্যাপারে গুরুত্বপূর্ণ অগ্রগতি করছি।"

মার্কিন যুক্তরাষ্ট্রের শক্তি সচিব জেনিফার এম গ্র্যানহোম বলেন, "কর ক্রেডিট থেকে শুরু করে রিবেট পর্যন্ত, বাইডেন-প্রশাসনের সংকল্প হলো আমেরিকান পরিবারের ব্যয় হ্রাস করা এবং বাসার শক্তি বিলের অর্থনীতি পরিবর্তন করে দেওয়া। দেশব্যাপী স্টেটসমূহ তাদের হোম এনার্জি রিবেট কর্মসূচি শুরুর করতে যাচ্ছে এবং সেই ক্ষেত্রে নিউ ইয়র্ক নেতৃত্ব দিচ্ছে, চাকরি, সঞ্চয়, এবং আরো স্বাস্থ্যকর বাসা প্রদান করছে।"

আজকের ঘোষণাটি হলো বাসিন্দাদের জন্য এইসব IRA রিবেট বাস্তব করার ক্ষেত্রে নিউ ইয়র্কের প্রথম পদক্ষেপের প্রতিনিধি। এই বছরের শেষের দিকে IRA হোম এনার্জি রিবেট কর্মসূচিসমূহের সম্পূর্ণ পোর্টফোলিওর অর্থায়ন এবং আরো অতিরিক্ত রিবেট প্রদান করা হবে বলে আশা করা যাচ্ছে। DOE এর IRA হোম এনার্জি রিবেট কর্মসূচিসমূহের মাধ্যমে স্টেট মোট 317.7 মিলিয়ন মার্কিন ডলার পাওয়ার যোগ্য: বাসার দক্ষতা রিবেট কর্মসূচির জন্য 159.3 মিলিয়ন মার্কিন ডলার এবং HEAR কর্মসূচির জন্য 158.4 মিলিয়ন মার্কিন ডলার।

2024 সালের এপ্রিল মাসে মার্কিন যুক্তরাষ্ট্রের DOE এই প্রাথমিক তহবিলের নিউ ইয়র্ক স্টেট শক্তি গবেষণা ও বিকাশ কর্তৃপক্ষের (New York State Energy Research and Development Authority, NYSERDA) আংশিক সুযোগের আবেদনের অনুমোদন প্রদান করে, এর ফলে ইন্সুলেশন এবং বাতাস সিলিং, স্থান ও পানি গরম করার জন্য হিট পাম্প, এবং এইসব উন্নয়ন সমর্থন করার জন্য প্রয়োজনীয় যেকোনো বৈদ্যুতিক উন্নয়নের মতো শক্তি দক্ষ এবং লাভজনক বৈদ্যুতিকরণ উন্নয়নের তহবিল প্রদানের ব্যাপারে NYSERDA এর নিম্ন আয়ের এম্পাওয়ার+ কর্মসূচির বর্তমান আওতা সম্প্রসারিত করা সম্ভব করবে।
আজকে থেকে শুরু করে, এলাকার মধ্যম আয়ের 80 শতাংশের কম মোট গৃহস্থালির উপার্জন করা বা একটি ইউটিলিটি পেমেন্ট সহায়তা কর্মসূচির অংশগ্রহণ করা এক থেকে চার সদস্যের পরিবারের গৃহস্থালির যোগ্য মালিক যদি এম্পাওয়ার+ কর্মসূচির জন্য আবেদন করে তাহলে তাদেরকে স্বয়ংক্রিয়ভাবে IRA HEAR বেনিফিটের জন্য নাম লেখা হবে। বাসা বা অ্যাপার্টমেন্টে শক্তি দক্ষ এবং বৈদ্যুতিক উন্নয়ন ইন্সটল করার ব্যয় হ্রাস করার জন্য এম্পাওয়ার+ ঠিকাদারদের মাধ্যমে প্রণোদনা প্রদান করা হয়, যার ফলে এটি নিউ ইয়র্কবাসীদের জন্য আরো সাশ্রয়ী হবে। আবেদনের প্রক্রিয়া এবং যোগ্যতার আবশ্যিকতাসহ আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে ওয়েবসাইট ভিজিট করুন।

NYSERDA বর্তমানে সম্পূর্ণ HEAR আবেদন তৈরি ও জমাদানের জন্য কাজ করছে যাতে এলাকার মধ্যম আয়ের সর্বোচ্চ 150 শতাংশ উপার্জনসহ মধ্যম আয়ের বাসিন্দাদের জন্য, এবং বৃহত্তর নিম্ন এবং মধ্যম আয়ের বহু পরিবারের ভবনের মালিকদের জন্য উচ্চ দক্ষ বৈদ্যুতিক অ্যাপ্লায়েন্স রিবেটসহ রিবেট প্রদান করা সম্ভব করে।

NYSERDA প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা ডোরিন এম. হ্যারিস বলেন, "নিউ ইয়র্কবাসীর জন্য সাশ্রয়ী বাসার দক্ষতা উন্নয়ন করতে সাহায্য করা এবং একই সাথে নিঃসরণ হ্রাস করতে এবং জলবায়ু কাঠিন্যের মোকাবেলা করার ব্যাপারে স্টেটের বলীয়ান প্রতিশ্রুতিকে কাজে লাগানোর জন্য মুদ্রাস্ফীতি হ্রাস আইনটি অতি গুরুত্বপূর্ণ হবে। এই তহবিলের দ্বারা

স্টেটের সম্প্রসারিত এম্পাওয়ার+ কর্মসূচিটি তাদের উপর মনোযোগ প্রদান করবে যাদের সহায়তার প্রয়োজন সর্বোচ্চ এবং এর জন্য তাদের পুরো বাসায় উচ্চ পারফর্ম্যান্সের, শক্তি দক্ষ ব্যবস্থার সুবিধা পাওয়ার সুযোগ প্রদান করবে।"

সিনেট সংখ্যাগরিষ্ঠ নেতা চার্লস শুমার বলেন, "বাসা বৈদ্যুতিকরণ এবং অ্যাপ্লায়েন্স রিবেট কর্মসূচিটি হলো আমাদের যুগান্তকারী মুদ্রাস্ফীতি হ্রাস আইনের গোপন উপকরণ: এটি শক্তি ব্যয়ে ভোক্তাদের অর্থ সাশ্রয় করে এবং একই সাথে গ্লোবাল ওয়ার্মিং চালনা কারী দূষক গ্রিনহাউজ গ্যাস হ্রাস করে। এই 40 মিলিয়ন মার্কিন ডলারের ফেডারেল সংযুক্তি পেয়ে HEAR কর্মসূচিটি বাসা বা অ্যাপার্টমেন্টে শক্তি দক্ষতা স্থাপন এবং বৈদ্যুতিকরণ উন্নয়নের ব্যয় হ্রাস করবে, এটিকে নিউ ইয়র্কবাসীর জন্য আরো সাশ্রয়ী করবে এবং একই সাথে কার্বন দূষণে আমূল পরিবর্তন নিয়ে আসবে। পরিচ্ছন্ন শক্তি এবং পরিবেশগত ন্যায়বিচারে এই মুখ্য বিনিয়োগটি ঘোষণা করতে সচিব গ্র্যানহোম এবং বাইডেন প্রশাসনের পাশে থাকতে পেরে আমি গর্বিত এবং নিউ ইয়র্কবাসীদের আরো স্বাস্থ্যকর এবং উজ্জ্বলতর ভবিষ্যৎ অর্জনে সাহায্য করার জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ জানাচ্ছি।"

হাউজ সংখ্যালঘিষ্ঠ নেতা হাকিম জেফ্রিস বলেন, "39.6 মিলিয়ন মার্কিন ডলারের এই মুদ্রাস্ফীতি হ্রাস আইন রিবেট তহবিল নিউ ইয়র্কবাসীকে আরো পরিচ্ছন্ন, আরো নিরাপদ বাতাসে শ্বাসগ্রহণ করতে দিবে, পরিবারের কাছে তাদের অর্থ ফেরত দিবে এবং দেশসেরা জলবায়ু পরিকল্পনাকে বাস্তব করতে সাহায্য করবে। সর্বশেষ কংগ্রেসে হাউজ ডেমোক্রেটগণ রাষ্ট্রপতি বাইডেন এবং সিনেটের ডেমোক্রেটদের সাথে অংশীদারিত্ব করে রূপান্তরকারী মুদ্রাস্ফীতি হ্রাস আইন পাশ করিয়েছে যাতে জলবায়ু সঙ্কট মোকাবেলা করার জন্য বিশ্বের ইতিহাসের সর্ববৃহৎ বিনিয়োগ তৈরি করা যায়। নিউ ইয়র্কের জন্য এই গুরুত্বপূর্ণ তহবিল নিশ্চিত করার ব্যাপারে রাষ্ট্রপতি বাইডেন, মার্কিন যুক্তরাষ্ট্রের শক্তি বিভাগ এবং গভর্নর হোকলের অংশীদারিত্বের জন্য আমি তাদের প্রতি কৃতজ্ঞ।"

প্রতিনিধি গ্রেস মেং বলেন, "বাসার শক্তি দক্ষতা এবং বৈদ্যুতিকরণ উন্নয়নের জন্য এই বহু মিলিয়ন মার্কিন ডলার প্রদানের সূচনা স্মরণীয় করে রাখতে কুইন্সে আসার জন্য গভর্নর হোকল, সচিব গ্র্যানহোম এবং সিনিয়র উপদেষ্টা পোডেস্টাকে ধন্যবাদ। রাষ্ট্রপতি বাইডেনের স্বাক্ষর করা বিধিমালার প্রচার ও বাস্তবায়নে কাজ করা, প্রতিনিধিদের হাউজের আঞ্চলিক নেতৃত্ব পরিষদে নিউ ইয়র্কের প্রতিনিধি হিসেবে আমি খুশি যে দেশের প্রথম স্টেট হিসেবে আমাদের স্টেট এই রিবেট তহবিল পেতে যাচ্ছে। শক্তি ব্যয় হ্রাস করতে এবং নিউ ইয়র্কবাসীর জন্য আরো পরিচ্ছন্ন, আরো স্বাস্থ্যকর একটি ভবিষ্যৎ নিশ্চিত করার ব্যাপারে এটি অনেক সাহায্য করবে। দ্বিপক্ষীয় অবকাঠামো আইন পাশ করতে সাহায্য করতে পেরে আমি অনেক গর্বিত এবং এটি আমাদের স্টেটজুড়ে এই অতি প্রয়োজনীয় সংস্থান প্রদান করা অব্যাহত রাখবে।"

প্রতিনিধি আড্রিয়ানো এস্পিয়াত বলেন, "আমরা গ্রীষ্মকালীন মাসগুলিতে প্রবেশ করতে যাচ্ছি, এই সময় নিউ ইয়র্কের এম্পাওয়ার+ কর্মসূচি সম্প্রসারণ করার ঘোষণার জন্য আমি গভর্নর হোকলের প্রশংসা করছি, এটি নিজেদের বাসায় শক্তি দক্ষতা নিশ্চিত করার জন্য তহবিলের উপর নির্ভর করা নিম্ন আয়ের পরিবারের জন্য আরো অ্যাক্সেসিবল হলো। পরিবারসমূহকে অগ্রাধিকার প্রদানের জন্য এবং সকলের জন্য শক্তি দক্ষতাকে আরো সাশ্রয়ী

করার জন্য IRA বাসা বৈদ্যুতিকরণ এবং অ্যাপ্লায়েন্স রিবেট কর্মসূচির উদ্ভাবন ও বাস্তবায়নের ক্ষেত্রে নিউ ইয়র্ক আরেকবার পথ প্রদর্শন করছে।"

প্রতিনিধি জো মোরেল বলেন, "অনেক বেশি পরিবার এখনো ক্রমবর্ধমান মূল্যের চাপ অনুভব করছে। স্বাস্থ্যসেবা থেকে শুরু করে প্রেসক্রিপশনের ওষুধ এবং বাসা হিটিং ও কুলিং এবং অন্যান্য মৌলিক চাহিদা পর্যন্ত, নিত্য চাহিদা পূরণ করতে হিমশিম খবর অনেক মারাত্মক গল্প আমি শুনেছি, যা আমরা চলতে দিতে পারি না। মুদ্রাস্ফীতি হ্রাস আইনের অংশ হিসেবে আমার নিশ্চিত করা ফেডারেল তহবিলের কারণে শক্তি বিভাগের এই কর্মসূচিটি নিশ্চিত করতে সাহায্য করবে যাতে মানুষের বাসা শক্তি সাশ্রয়ী এবং ব্যয় সাশ্রয়ী প্রযুক্তির দ্বারা হ্রাসকৃত মূল্যে হালনাগাদ করা হয়। গভর্নরের নেতৃত্বের জন্য আমি তার প্রতি কৃতজ্ঞ, এবং মনরো কাউন্টি ও পুরো নিউ ইয়র্ক স্টেটে পরিবারসমূহকে উত্থিত করার জন্য আমাদের একত্রিত কাজ অব্যাহত রাখার জন্য আমি উন্মুখ।"

প্রতিনিধি জামাল বোম্যান বলেন, "আমাদের স্কুল থেকে শুরু করে আমাদের বাড়ি পর্যন্ত সর্বত্র আমাদেরকে আমাদের নবায়নযোগ্য শক্তিতে সাহসী বিনিয়োগ করতে হবে। আমরা যেই জলবায়ু বিপর্যয়ের সম্মুখীন হয়েছি, শীতকালে আমাদের বাসা উষ্ণ রাখা, গ্রীষ্মে ঠাণ্ডা রাখা, এবং আমাদের চুলা এবং অন্যান্য অ্যাপ্লায়েন্স ব্যবহার করার মাধ্যমে তা বৃদ্ধি হওয়া উচিত না। বাসার শক্তি দক্ষতা এবং বৈদ্যুতিকরণ উন্নয়নের জন্য এবং রিবেট হিসেবে নিউ ইয়র্কবাসীর জন্য এখন প্রায় 40 মিলিয়ন মার্কিন ডলার তহবিল উপলভ্য করার ঘোষণায় গভর্নর হোকল এবং সচিব গ্র্যানহোমের সাথে যোগদান করতে পেরে আমি অতি আনন্দিত, এবং আরো তহবিল আসবে। জলবায়ু সঙ্কটের ক্ষতির দ্বারা এবং উচ্চ বিদ্যুৎ বিলের চাপ দ্বারা সর্বাধিক আক্রান্ত হওয়া নিম্ন আয়ের নিউ ইয়র্কবাসী এবং প্রান্তিক গোষ্ঠীর উপর এইসব বিনিয়োগ কেন্দ্রীভূত হতে দেখে আমি বিশেষভাবে গর্বিত। হোম এনার্জি রিবেট কর্মসূচিসমূহ হলো আমাদের রূপান্তরকারী মুদ্রাস্ফীতি হ্রাস আইনের প্রত্যক্ষ ফলাফল, আইনটি ধারাবাহিকভাবে মানুষকে তাদের অর্থ নিজের কাছে রাখতে দিচ্ছে। নতুন এই তহবিলটি পরিশ্রমী নিউ ইয়র্কবাসীর জন্য ব্যয় হ্রাস করবে এবং জলবায়ু লক্ষ্য অর্জনে নিউ ইয়র্ককে সাহায্য করবে।"

প্রতিনিধি রিচি টোরেস বলেন, "নিম্ন আয়ের নিউ ইয়র্কবাসীর জন্য শক্তি রিবেট তহবিল হিসেবে 39.6 মিলিয়ন মার্কিন ডলারের বিশাল বিনিয়োগ ঘোষণা করতে গভর্নর হোকলের সাথে যোগদান করতে পেরে আমি গর্বিত। এই অর্থ হলো রাষ্ট্রপতি জো বাইডেন এবং কংগ্রেশনাল ডেমোক্রেটদের ল্যান্ডমার্ক মুদ্রাস্ফীতি হ্রাস আইনের অভূতপূর্ব সবুজ শক্তি বিনিয়োগের প্রত্যক্ষ ফলাফল। HEAR কর্মসূচির রেট্রোফিটের দ্বারা বর্ধিত শক্তি দক্ষতা নিম্ন আয়ের ব্রনক্সাইটদের অর্থ সাশ্রয় করবে। এছাড়া এটি কার্বন নিঃসরণ হ্রাস করবে, যা সিটিতে অ্যাজমা এবং অন্যান্য শ্বাসতন্ত্র সংক্রান্ত অসুস্থতার সর্বোচ্চ হার থাকা একটি বরোর জন্য বিশেষভাবে গুরুত্বপূর্ণ। আমাদের জেলা এবং তার বাইরের মানুষের প্রতিদিনের জীবনকে প্রভাবিত করতে কীভাবে ডেমোক্রেটিক নীতিমালা কাজ করছে তার একটি দারুণ উদাহরণ এই কর্মসূচি। সংস্থানের সীমিত সুযোগের কারণে আবাসনের ক্ষেত্রে শক্তি দক্ষতার কথা চিন্তা করা প্রায়শই একটি বিশেষাধিকার হয়ে থাকে, কিন্তু IRA এর কারণে এটি এখন সম্ভব। ইতিমধ্যেই অ্যাক্সেসিবিলিটি নিয়ে সংগ্রাম করা একটি সম্প্রদায়ের জন্য এটি সঠিক দিকে একটি পদক্ষেপ।"

প্রতিনিধি ড্যান গোল্ডম্যান বলেন, "আমরা আরো পরিচ্ছন্ন, সবুজতর একটি অর্থনীতিতে স্থানান্তর করতে যাচ্ছি, তাই নিজেদের পরিস্থিতি নির্বিশেষে কেউ যাতে বাদ না পড়ে তা অত্যাবশ্যকীয়। রাষ্ট্রপতি বাইডেন এবং হাউজ ডেমোক্রেটদের মুদ্রাস্ফীতি হ্রাস আইনের মধ্যমে আমরা অবশেষে নিশ্চিত করতে পারবো যাতে সকলের কাছে শক্তি এবং দক্ষতা উন্নয়ন পাওয়ার সুযোগ থাকে যা আমাদের দেশের সবুজ অবকাঠামোতে বিপ্লব নিয়ে আসছে। গভর্নর হোকলের নেতৃত্বাধীনে দেশের প্রথম স্টেট হিসেবে নিউ ইয়র্ক এইসব রিবেট প্রদান করতে যাচ্ছে বলে আমি গর্বিত, এর ফলে পুরো স্টেটের নিম্ন আয়ের মানুষেরা আমাদের দেশের সবুজ স্থানান্তরে অংশগ্রহণ করতে পারবে।"

বিল্ডিং পারফর্ম্যান্স কন্ট্রাক্টর্স অ্যাসোসিয়েশনের (Building Performance Contractors Association) প্রেসিডেন্ট হ্যাল স্মিথ বলেন, "নিউ ইয়র্কের বিল্ডিং পারফর্ম্যান্স কন্ট্রাক্টর্সের পক্ষ থেকে সারা দেশের জন্য পথ প্রদর্শন করতে যারা সাহায্য করেছে তাদের সকলের অনেক প্রশংসা করছি। নিউ ইয়র্কবাসী হওয়ার জন্য এটি দারুণ একটি সময়!"

রিওয়্যারিং আমেরিকার (Rewiring America) প্রধান নির্বাহী কর্মকর্তা আরি মাটুসিয়াক বলেন, "ইতিহাসের বৃহত্তম জলবায়ু বিল বাস্তবায়ন করার ক্ষেত্রে আজকে এক ল্যান্ডমার্ক মুহূর্ত। বাসা বৈদ্যুতিকরণ এবং অ্যাপ্লায়েন্স রিবেট প্রদান শুরু করার দেশের প্রথম স্টেট হওয়ার জন্য আমরা নিউ ইয়র্ককে অভিনন্দন জানাচ্ছি এবং এইসব মার্কিন ডলার উপলভ্য করে সম্প্রদায়সমূহের কাছে পৌঁছানোকে অগ্রাধিকার প্রদান করার জন্য শক্তি বিভাগের প্রশংসা করছি। এর সম্প্রদায়সমূহের চাহিদা পূরণ করে এমন একটি কর্মসূচির নকশা করা এবং তহবিলের প্রথম রাউন্ডটি শুধুমাত্র শক্তি ব্যয় হ্রাস ও আরো স্বাস্থ্যকর বাসা দ্বারা সবথেকে বেশি লাভবান হওয়ার সুযোগ থকা সুবিধাবঞ্চিত গৃহস্থালিসমূহকে প্রদান করার মাধ্যমে সম্পূর্ণ বৈদ্যুতিক ভবিষ্যতে স্থানান্তর যাতে সমতার হয় তা নিশ্চিত করার জন্য নিউ ইয়র্ক একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণ করেছে। আগামী মাসগুলিতে রিবেট কর্মসূচিসমূহের পরবর্তী ব্যাচ শুরু হওয়া দেখার জন্য এবং এই ঐতিহাসিক সুযোগের সর্বোচ্চ সদ্ব্যবহার করার জন্য চিন্তাশীলভাবে কার্যকর কর্মসূচি নকশা করার ক্ষেত্রে নিউ ইয়র্কের নেতৃত্ব দেখার জন্য আমরা উদগ্রীব।"

প্রাকৃতিক সংস্থান প্রতিরক্ষা পরিষদের জলবায়ু ও শক্তির (Climate & Energy at Natural Resources Defense Council) নিউ ইয়র্ক নীতিমালার পরিচালক সামান্থা উইল্ট বলেন, "স্টেটের সবথেকে দুর্বল পরিবারের বাসায় বিনিয়োগ করা এবং একই সাথে জলবায়ুর দূষণ কমানোর জন্য IRA এর বাসা বৈদ্যুতিকরণ এবং অ্যাপ্লায়েন্স রিবেট কর্মসূচিকে নিয়ে ইয়র্ক প্রথম স্টেট হিসেবে ব্যবহার করবে। এই তহবিলগুলি এমন উপায়ে বিনিয়োগ করা হবে যাতে তা সেই নিউ ইয়র্কবাসীদের জন্য লাভজনক হয় যাদের প্রয়োজন সর্বাধিক এবং নিশ্চিত করবে যাতে সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহে জীবাশ্ম জ্বালানি পোড়ানোর ক্ষতি হ্রাস করা যায়। এই বিনিয়োগ দ্বারা নিউ ইয়র্ক আরো সম্পূর্ণ-বৈদ্যুতিক অ্যাপ্লায়েন্স, ইন্সুলেশন, এবং অধিক উন্নত, নিঃসরণমুক্ত বাসার জন্য ওয়্যারিং উন্নয়ন সম্ভব করবে।"
ভবন হলো নিউ ইয়র্ক স্টেটের গ্রিনহাউজ গ্যাস নিঃসরণের সবথেকে উল্লেখযোগ্য উৎসের একটি এবং NYSERDA এবং ইউটিলিটি কর্মসূচিসমূহের মাধ্যমে ভবনের ডিকার্বোনাইজ করার জন্য 6.8 বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করা হচ্ছে। ভবনগুলোতে জ্বালানি দক্ষতা উন্নত করে এবং অনসাইট স্টোরেজ, পুনর্নবীকরণযোগ্য এবং বৈদ্যুতিক যানবাহন চার্জিং সরঞ্জামগুলোর

স্টেটব্যাপী ইনস্টলেশনের অগ্রগতির মাধ্যমে, স্টেট তার কার্বন দূষণ কমাবে এবং 2025 সাল নাগাদ 185 TBtu দ্বারা সাইট শক্তি খরচ কমানোর উচ্চাভিলাষী লক্ষ্যের দিকে অগ্রসর হবে, যা 1.8 মিলিয়ন বাড়িতে বিদ্যুৎ সরবরাহের সমতুল্য।

এম্পাওয়ার+ এর জন্য তহবিল প্রদান করা হচ্ছে অর্থবছর 2023-2024 এর প্রণীত স্টেট বাজেট, স্টেটের পরিচ্ছন্ন শক্তি তহবিল (Clean Energy Fund), আঞ্চলিক গ্রিনহাউজ গ্যাস উদ্যোগ (Regional Greenhouse Gas Initiative), এবং ফেডারেল মুদ্রাস্ফীতি হ্রাস আইনের মাধ্যমে। কর্মসূচি এবং সংশ্লিষ্ট তহবিল সম্পর্কে আরো তথ্য NYSERDA এর ওয়েবসাইটে পাওয়া যাবে।

নিউ ইয়র্ক স্টেটের দেশের-নেতৃস্থানীয় জলবায়ু পরিকল্পনা

নিউ ইয়র্ক স্টেটের জলবায়ুর এজেন্ডা একটি সুশৃঙ্খল এবং ন্যায্য পরিবর্তন করার আহ্বান জানায় যা পরিবারকে টিকিয়ে রাখার মতো চাকরি তৈরি করে, সকল খাতে একটি সবুজ অর্থনীতি গড়ে তোলার কাজ অব্যাহত রাখে এবং নিশ্চিত করে যে ক্লিন এনার্জির বিনিয়োগ দ্বারা প্রাপ্ত লাভের 40 শতাংশ সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলোতে প্রদান করার লক্ষ্য নিয়ে তার কমপক্ষে 35 শতাংশের তাদের প্রদান করা হয়। দেশের সবচেয়ে আগ্রাসী জলবায়ু ও পরিচ্ছন্ন শক্তি উদ্যোগসমূহের কিছু দ্বারা নির্দেশিত হয়ে, নিউ ইয়র্ক প্রয়াসের একটি গুচ্ছকে অগ্রসর করছে, যার মধ্যে রয়েছে নিউ ইয়র্ক ক্যাপ এবং বিনিয়োগ (New York Cap-and-Invest program, NYCI) কর্মসূচি এবং অন্যান্য সম্পূরক নীতিমালা, যাতে করে 2030 সালের মধ্যে 1990 এর মাত্রার তুলনায় 40 শতাংশ এবং 2050 সালের মধ্যে 85 শতাংশ গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাস করা যায়। এছাড়াও নিউ ইয়র্ক 2040 সালের মধ্যে নিঃসরণমুক্ত বিদ্যুৎ খাত অর্জন করার পথে রয়েছে, এর মধ্যে রয়েছে 2030 সালের মধ্যে 70 শতাংশ নবায়নযোগ্য শক্তি উৎপাদন এবং শতকের মাঝামাঝি সময়ের মধ্যে অর্থনীতিব্যাপী কার্বন নিরপেক্ষতা অর্জন করা। এই পরিবর্তনের একটি ভিত্তি হলো ক্লিন এনার্জিতে নিউ ইয়র্কের অভূতপূর্ব বিনিয়োগ, যার মধ্যে রয়েছে স্টেট জুড়ে 61টি বড় আকারের নবায়নযোগ্য ও ট্রান্সমিশন প্রকল্পে 28 বিলিয়ন মার্কিন ডলারের বেশি, ভবন থেকে নিঃসরণ হ্রাস করার জন্য 6.8 বিলিয়ন মার্কিন ডলার, সৌর বিদ্যুতের মাত্রা বৃদ্ধি করার জন্য 3.3 বিলিয়ন মার্কিন ডলার, ক্লিন ট্রান্সপোর্টেশন উদ্যোগের জন্য প্রায় 3 বিলিয়ন মার্কিন ডলার এবং 2 বিলিয়ন মার্কিন ডলারের বেশি গ্রীন ব্যাংক প্রতিশ্রুতি। এগুলো ও অন্যান্য বিনিয়োগ 2022 সালে নিউ ইয়র্কের ক্লিন এনার্জি খাতে 170,000 এরও বেশি চাকরি এবং 2011 সাল থেকে বিতরণকৃত সৌর খাতে 3,000 শতাংশের বেশি প্রবৃদ্ধিতে সহায়তা করছে। এছাড়া, গ্রিনহাউস গ্যাস নির্গমন কমানো এবং বায়ুর মান উন্নত করার জন্য, নিউ ইয়র্ক শূন্য-নির্গমনসম্পন্ন যানবাহন সম্পর্কিত বিধিমালা গ্রহণ করেছে, যার মধ্যে 2035 সালের মধ্যে স্টেটে বিক্রি হওয়া সব যাত্রীবাহী গাড়ি ও হালকা ট্রাক শূন্য-নির্গমনসম্পন্ন হওয়া আবশ্যক হওয়ার বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে। 400টির বেশি নিবন্ধিত ও 130টির বেশি প্রত্যয়িত জলবায়ু স্মার্ট কমিউনিটি, প্রায় 500টি ক্লিন এনার্জি কমিউনিটিকে নিয়ে অংশীদারিত্বসমূহ নিউ ইয়র্কের জলবায়ু পদক্ষেপকে অগ্রসর করা অব্যাহত রেখেছে এবং 10টি সুবিধাবঞ্চিত কমিউনিটিতে স্টেটের বৃহত্তম কমিউনিটি বায়ু পর্যবেক্ষণ উদ্যোগের মাধ্যমে বায়ু দূষণকে লক্ষ্য করে জলবায়ু পরিবর্তন মোকাবেলা করে যাচ্ছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন